নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়
নোয়াখালী-৩৮১৪
Noakhali science and Technology University
Noakhali-3814
www.nstu.edu.bd

জনসংযোগ ও প্রকাশনা দপ্তর
Public Relations & Publications Office
Phone: 880-2334496581, Mobile: 88-01733998894
e-mail: pr@office.nstu.edu.bd

নোবিপ্রবি/জনওপ্রকা/সংবাদ-বিজ্ঞপ্তি/২০২৫/২২৫৭ — ০৪ সেপ্টেম্বর ২০২৫

**সংবাদ বিজ্ঞপ্তি**

# নোবিপ্রবিতে জুলাই স্মৃতি আন্তঃঅনুষদ ফুটবল প্রতিযোগিতার ফাইনাল ও পুরস্কার বিতরণ

নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ে (নোবিপ্রবি) শরীরচর্চা শিক্ষা বিভাগের উদ্যোগে জুলাই স্মৃতি আন্তঃঅনুষদ ফুটবল প্রতিযোগিতা ২০২৫ এর ফাইনাল খেলা ও পুরস্কার বিতরণ অনুষ্ঠান অনুষ্ঠিত হয়েছে। আজ বৃহস্পতিবার (০৪ সেপ্টেম্বর ২০২৫) বিশ্ববিদ্যালয়ের কেন্দ্রীয় খেলার মাঠে উপাচার্য অধ্যাপক অধ্যাপক ড. মুহাম্মদ ইসমাইল প্রধান অতিথি হিসেবে বিজয়ী দলের হাতে পুরস্কার তুলে দেন।

এ সময় সংক্ষিপ্ত বক্তব্যে উপাচার্য অধ্যাপক ড. মুহাম্মদ ইসমাইল বলেন, চমৎকার একটি খেলা উপহার দেওয়ার জন্য চ্যাম্পিয়ন ও রানার্স আপ দলকে অভিনন্দন। আমরা চাই পড়াশোনার পাশাপাশি খেলাধুলার মাধ্যমে শিক্ষার্থীদের মানসিক উন্নতি ঘটুক। আমরা শিক্ষার্থীদের এক্সট্রা কারিকুলার এক্টিভিটিজে যুক্ত করার জন্য ইতিমধ্যে নানা উদ্যোগ গ্রহণ করেছি। খেলাধুলার মাধ্যমে শিক্ষার্থীদের মধ্যে সৌহার্দ্যপূর্ণ সম্পর্ক গড়ে উঠবে এবং তাদের মানবিক গুণাবলি বিকশিত হবে।

নোবিপ্রবি শরীরচর্চা শিক্ষা বিভাগের পরিচালক ড. মো. রুহুল কবিরের সভাপতিত্বে অনুষ্ঠানে বিশেষ অতিথি ছিলেন বিশ্ববিদ্যালয়ের কোষাধ্যক্ষ অধ্যাপক ড. মোহাম্মদ হানিফ। শরীরচর্চা শিক্ষা বিভাগের উপ-পরিচালক সঞ্জীব কুমার দে ও মাহমুদুর রহমানের সঞ্চালনায় অনুষ্ঠানে আরও উপস্থিত ছিলেন বিজ্ঞান অনুষদের ডিন অধ্যাপক ড. মোহাম্মদ মহিনুজ্জামানসহ শিক্ষক, শিক্ষার্থী ও কর্মকর্তা কর্মচারীবৃন্দ।

উল্লেখ্য, এ প্রতিযোগিতায় নোবিপ্রবির ৭টি অনুষদ ও ২টি ইনস্টিটিউট অংশগ্রহণ করে। গত ১৮ আগস্ট ২০২৫ খেলা শুরু হয়ে আজ নোবিপ্রবি কেন্দ্রীয় খেলার মাঠে ফাইনাল অনুষ্ঠিত হয়। প্রতিযোগিতাটি নক আউট পদ্ধতিতে অনুষ্ঠিত হয়, মোট খেলা অনুষ্ঠিত হয় ৭টি। বিজ্ঞান ও আইন অনুষদের মধ্যে অনুষ্ঠিত ফাইনাল খেলায় বিজ্ঞান অনুষদ ২-০ গোলের ব্যবধানে জয়লাভ করে। খেলা শেষে উপাচার্য চ্যাম্পিয়ন ও রানার্স আপ উভয় দলের খেলোয়াড়দের মেডেল ও ট্রফি প্রদান করেন। এসময় উপাচার্য জুলাই শহিদ স্মৃতি ছাত্রী হলে অনুষ্ঠিত দাবা ও ক্যারাম প্রতিযোগিতার বিজয়ীদের মাঝে পুরস্কার বিতরণ করেন।

ইফতেখার হোসাইন
সহকারী পরিচালক (তথ্য ও জনসংযোগ)
মোবা- ০১৭৩৩৯৯৮৮৯৪